

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.gopalganj.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০৩২.০০.০০৩.১৫- ২০৫

তারিখ :

২০ ফাল্গুন, ১৪২৪
০৫ মার্চ, ২০১৮

লঞ্চ ও ট্রলার ঘাটের ইজারা বিজ্ঞপ্তি

গোপালগঞ্জ জেলাধীন ৭(সাত) টি লঞ্চ ও ট্রলার ঘাট বাংলা ১৪২৫ সনের জন্য ইজারা দেয়ার নিমিত্ত আহ্বানী ব্যক্তিদের নিকট হতে আবদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের ফরম ও তফসিল দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ তফসিলে বর্ণিত তারিখে বেলা ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। একই তারিখ দুপুর ১.৩০ টায় টেন্ডার দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

শর্তাবলী :

- ১। দরপত্রে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা ২৫ ভাগ) হারে জেলা প্রশাসকের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত স্বরূপ দরপত্রের সহিত জমা প্রদান করতে হবে।
- ২। কৃতকার্য দরপত্র দাতাকে অবশিষ্ট ৭৫% অর্থ দরপত্র গৃহীত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। উক্ত ডাকের টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে দরপত্র বাতিল এবং জামানতকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৩। ০১ (এক) বছরের সমুদয় টাকা জমা প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদনের পর লঞ্চ ও ট্রলার ঘাটের দখল হস্তান্তর করা হবে। চুক্তিপত্র ব্যতিরেকে কাউকে লঞ্চ ও ট্রলার ঘাটের দখল হস্তান্তর করা হবেনা।
- ৪। ইজারা গ্রহীতা লঞ্চ ও ট্রলার ঘাটের পরিসীমা বজায় রাখবেন এবং তা সংরক্ষণ করবেন। কেউ যাতে এই লঞ্চ ও ট্রলার ঘাটের মধ্যে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা নিশ্চিত করবেন।
- ৫। ইজারা গ্রহীতা কালেক্টর কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত সকল আইনানুগ আদেশ নির্দেশ পালনে বাধ্য থাকবেন।
- ৬। ইজারা গ্রহীতা লঞ্চ ও ট্রলার ঘাট অন্য কাউকে সাবলীজ প্রদান করতে পারবেন না। সাবলীজ প্রদান করা হলে ইজারা তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
- ৭। অস্পষ্ট, অসম্পূর্ণ বা কোন রূপ ঘষামাজা করা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।
- ৮। জেলা দরপত্র কমিটি যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। দরপত্র দাতাকে লঞ্চ ও ট্রলার ঘাটের নাম খামের উপরে স্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে।
- ১০। উদ্ধৃত মূল্যের আয়কর ও ভ্যাট বিধি মোতাবেক ইজারা গ্রহীতা পরিশোধ করবেন।
- ১১। কবুলিয়ত সম্পাদনের যাবতীয় খরচ ইজারা গ্রহীতাকে বহন করতে হবে।

সময়সূচি :

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	১২/০৩/২০১৮ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৩/০৩/২০১৮ দুপুর ১.০০ টা পর্যন্ত	১৩/০৩/২০১৮ দুপুর ১.৩০ টা
২য় পর্যায়	২০/০৩/২০১৮ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২১/০৩/২০১৮ দুপুর ১.০০ টা পর্যন্ত	২১/০৩/২০১৮ দুপুর ১.৩০ টা
৩য় পর্যায়	২৮/০৩/২০১৭ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৯/০৩/২০১৮ দুপুর ১.০০ টা পর্যন্ত	২৯/০৩/২০১৮ দুপুর ১.৩০ টা

লঞ্চ ও ট্রলার ঘাটের তালিকা :

গোপালগঞ্জ সদর উপজেলা


ক্রমিক নং	লঞ্চ ও ট্রলার ঘাটের নাম	১৪২৫ সন্যায় ইজারা মূল্য	দরপত্রের মূল্য
১।	সাতপাড় লঞ্চ ও ট্রলার ঘাট	২,১৩,৮০৪/-	৪০০/-
২।	ভেড়ার হাট লঞ্চ ও ট্রলার ঘাট	১,১৬,০৫০/-	২০০/-
৩।	বৌলডলী লঞ্চ ও ট্রলার ঘাট	৩৭,১৮০/-	২০০/-

মুকসুদপুর উপজেলা

ক্রমিক নং	লঞ্চ ও ট্রলার ঘাটের নাম	১৪২৫ সত্তাব্য ইজারা মূল্য	দরপত্রের মূল্য
৪।	টেকের হাট লঞ্চ ও ট্রলার ঘাট	২,৩১,০০০/-	৪০০/-
৫।	উজানী লঞ্চ ও ট্রলার ঘাট	৫৬,৮১৫/-	২০০/-
৬।	মহারাজপুর লঞ্চ ও ট্রলার ঘাট	১,০৪,৬১০/-	২০০/-

কোটালীপাড়া উপজেলা

ক্রমিক নং	লঞ্চ ও ট্রলার ঘাটের নাম	১৪২৫ সত্তাব্য ইজারা মূল্য	দরপত্রের মূল্য
৭।	ঘাঘর লঞ্চ ও ট্রলার ঘাট	৬৪,৯০০/-	২০০/-



 (মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার)
 জেলা প্রশাসক
 গোপালগঞ্জ।
 ফোন-৬৬৮৫৫২১ (অফিস)
 E-mail: dcgopalganj@mopa.gov.bd

তারিখ : ২২ ফাল্গুন, ১৪২৪
০৫ মার্চ, ২০১৮

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০৩২.০০.১১.০০৩.২০১০-২০০

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :
 ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
 অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ----- বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জেলা তথ্য অফিসার, গোপালগঞ্জ। মাইকযোগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, -----। তার ইউনিয়নের হাট-বাজারে ঢোল সহরত করে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----- ইউনিয়ন ভূমি অফিস, -----। তাকে বিষয়টি ঢোল সহরত করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৬। নোটিশ বোর্ড।
- ৭। ----- গোপালগঞ্জ।


 জেলা প্রশাসক
 গোপালগঞ্জ।